# আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস



বাংলাদেশ শান্তিরক্ষী মিশন ব্যানব্যাট-১১ এর আওতাধীন বুয়ার Bocaranga Permanent Operating Base (POB) কর্তৃক Security Escort এর আলোকচিত্র



ভূমধ্যসাগরে জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে নিয়োজিত বাংলাদেশ নৌবাহিনী জাহাজ সংগ্রাম

## মিশন অনুযায়ী বর্তমানে নিয়োজিত বাংলাদেশী শান্তিরক্ষী


| দেশ/স্থান | মিশন/এ্যাসাইনমেন্ট | অংশগ্রহণকারী |
|---|---|---|
| আবেই | UNISFA | ২৫৩ |
| সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক | MINUSCA | ১১০৫ |
| সাইপ্রাস | UNFICYP | ০১ |
| ডিআর কঙ্গো | MONUSCO | ১৬০১ |
| লেবানন | UNIFIL | ১২০ |
| লিবিয়া | UNSMIL | ০১ |
| দক্ষিণ সুদান | UNMISS | ১০৯৪ |
| ইউএসএ | UNDPO | ১০ |
| পশ্চিম সাহারা | MINURSO | ২৭ |
| | মোট | ৪,২১২ |



FARDC-এর একজন আহত সৈনিককে দ্রুত সরিয়ে নেওয়ার জন BANUAU দ্বারা পরিচালিত মানবিক চিকিৎসা স্থানান্তর অভিযান



ডিউটিতে এফপিইউ ফোর্সে মোতায়েনের পূর্বে ব্রিফিং প্রদান করছেন নারী লিয়াঁজো কর্তকর্তা (আইপিও, বাংলাদেশ পুলিশ), মিনুস্কা, সেন্ট্রাল আফ্রিকা



বাংলাদেশ সেনাবাহিনীর শান্তিরক্ষী মিশন ব্যানএলকিউআরএফ-৬ কর্তৃক Local Patrol (Kaga Bandoro) এলাকার কার্যক্রমের একটি আলোকচিত্র



জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ বিমান বাহিনীর পরিবহন বিমানের সাহায্যে সৈন্য স্থানান্তর

## জাতিসংঘ শান্তিরক্ষায় বাংলাদেশ

বাংলাদেশ জাতিসংঘ সনদে বর্ণিত নীতিমালা সমুন্নত রেখে, আন্তর্জাতিক দ্বন্দ্বের শান্তিপূর্ণ সমাধানকে এগিয়ে নিতে এবং বৈশ্বিক শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে অঙ্গীকারবদ্ধ। বাংলাদেশ শান্তি প্রিয় দেশ। বাংলাদেশের সংবিধানের পররাষ্ট্র নীতিতে সকলের সাথে বন্ধুত্ব বজায় রাখার বিষয়টি প্রতিফলিত রয়েছে। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান পররাষ্ট্র নীতিতে একটি ভারসাম্যপূর্ণ অবস্থান নেন বিধায় জাতিসংঘে বাংলাদেশের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পায়। তার শাসনামলে বাংলাদেশ আন্তর্জাতিক শান্তি ও সহযোগিতার পক্ষে অবস্থান নেয়। তার গৃহীত সক্রিয় কুটনৈতিক পদক্ষেপের কারণে পরবর্তীতে বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সর্বাধিক শান্তিরক্ষী প্রেরণকারী দেশসমূহের মধ্যে অন্যতম দেশ হিসেবে অদ্যাবধি গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে ব্লু হেলমেট এর আওতায় বাংলাদেশ অনস্বীকার্য অবদান রেখে চলেছে। এ নীতির প্রতি অটলভাবে নিবেদিত থেকে বাংলাদেশ সশস্ত্র বাহিনী ও বাংলাদেশ পুলিশ বিগত ৩৮ বছর যাবৎ আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অত্যন্ত সফলতার সাথে অংশগ্রহণ করে আসছে। তাদের এ গৌরবময় অংশগ্রহণকে স্মরণীয় করে রাখতে প্রতিবছর ২৯ মে পালিত হয়ে আসছে 'আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষা দিবস'। সরকারি ক্যালেন্ডার ২০২৬ অনুযায়ী ৩১ মে পর্যন্ত ঈদ-উল-আযহার ছুটি হওয়ায় শুধুমাত্র এ বছরের জন্য ২৯ মে এর পরিবর্তে ১০ই জুন ২০২৬ তারিখে 'আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষা দিবস' পালন করা হচ্ছে। এ বছর "আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস ২০২৬" এর প্রতিপাদ্য বিষয় "Invest in Peace"।

ইরান-ইরাকে সামরিক পর্যবেক্ষক দলে সেনাবাহিনীর ১৫ জন সামরিক পর্যবেক্ষক প্রেরণের মাধ্যমে ১৯৮৮ সালে বাংলাদেশ জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে তার যাত্রা শুরু করে। এরই ধারাবাহিকতায়, ১৯৮৯ সালে নামিবিয়ায় বাংলাদেশ পুলিশ বাহিনীর সদস্যরা মোতায়েন হয়। পরবর্তীতে ১৯৯৩ সালে বাংলাদেশ নৌবাহিনী মোজাম্বিকে শান্তিরক্ষা কার্যক্রমে যোগ দেয় এবং একইবছর বাংলাদেশ বিমান বাহিনী বসনিয়া-হার্জেগোভিনিয়ায় শান্তিরক্ষায় তাদের সম্পৃক্ততা শুরু করে। উল্লিখিত কার্যক্রম বৈশ্বিক শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের সম্প্রসারিত ভূমিকার ইঙ্গিত দেয়। হাইতি থেকে পূর্ব তিমুর, লেবানন থেকে কঙ্গো পর্যন্ত বিশ্বের বিভিন্ন সংঘাতপূর্ণ এলাকায় বাংলাদেশের শান্তিরক্ষীদের পদচিহ্ন রয়েছে। বসনিয়ার তীব্র শীত, সাহারা মরুভূমির দুঃসহনীয় গরম ও পূর্ব এশিয়ার ক্লান্তিকর আর্দ্রতার সাথে মানিয়ে নিয়ে কাজ করে যাচ্ছে বাংলাদেশের শান্তিরক্ষীরা। ধর্ম, গোত্র, বর্ণ, রাজনৈতিক মতাদর্শ ও আঞ্চলিক বৈষম্যকে পেছনে ফেলে বাংলাদেশের শান্তিরক্ষী সদস্যরা নিজেদের উৎসর্গ করেছে বিশ্ব মানবতার সেবায়। পেশাগত দক্ষতা, নিরপেক্ষতা, সততা ও মানবিকতার কারণে বাংলাদেশের শান্তিরক্ষী সদস্যরা বিশ্বের সকল মানুষের কাছে আজ অনন্য দৃষ্টান্তস্বরূপ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পূর্ণ সমর্থনে বর্তমানে বৈশ্বিক শান্তিরক্ষা কার্যক্রমে সামরিক ও পুলিশ বাহিনীর সদস্য প্রেরণে বাংলাদেশ বিশ্বের শীর্ষস্থানীয় দেশগুলোর মধ্যে একটি। এ পর্যন্ত ২,০৬,৪৭৬ জন বাংলাদেশি শান্তিরক্ষী ৪৩টি দেশ/অঞ্চলে ৬৩টি জাতিসংঘ মিশন/অপারেশনে অংশ নিয়েছেন। বর্তমানে ১০টি মিশন/অভিযানে ৪,২১২ জন বাংলাদেশি শান্তিরক্ষী সক্রিয়ভাবে দায়িত্ব পালন করছেন। ইতোমধ্যে ৩,৯০৫ জন নারী শান্তিরক্ষী সদস্য সাফল্যের সাথে তাদের দায়িত্ব সম্পন্ন করেছেন এবং বর্তমানে মোট ২৯৪ জন নারী সদস্য বিভিন্ন মিশনে শান্তিরক্ষী কার্যক্রমে কর্মরত রয়েছেন। তাছাড়া মিশন এলাকায় সংঘাতপূর্ণ ও প্রতিকূল পরিস্থিতিতে জীবনের ঝুঁকি নিয়ে দায়িত্ব পালন করতে গিয়ে এ পর্যন্ত ১৭৫ জন বাংলাদেশি বীর সন্তান নিজেদের জীবন উৎসর্গ করেছেন এবং ২৮৭ জন শান্তিরক্ষী সদস্য আহত হয়েছেন। 'আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০২৬' উদ্‌যাপনের এ মহতী ক্ষণে, শান্তির জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকারকারী অকুতোভয় এসকল বীর সন্তানদের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা জানাই। তাদের এ আত্মত্যাগ বিশ্ব শান্তিরক্ষায় বাংলাদেশের প্রতিশ্রুতিকে যেমন রক্ষা করেছে, তেমনি সারা বিশ্বের মানুষের নিকট বাংলাদেশের ভাবমূর্তিকে করেছে উজ্জ্বল। সর্বোপরি, বিশ্ব শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে বাংলাদেশ জাতিসংঘের অধীনে যেকোনো দায়িত্ব পালনে থাকবে দৃঢ়ভাবে প্রতিজ্ঞাবদ্ধ।

## বিশ্ব শান্তিরক্ষায় এক নজরে বাংলাদেশ

| দেশ/স্থান | মিশন/এ্যাসাইনমেন্ট | অংশগ্রহণকারী |
|---|---|---|
| আবেই | UNISFA | ১৬৫০ |
| আফগানিস্তান<br>আফগানিস্তান-পাকিস্তান | UNAMA/<br>UNSMA-UNGOMAP | ১১ |
| এ্যাঙ্গোলা | UNAVEM & UNAVEM III | ৬৩৫ |
| বসনিয়া | UNMIBH | ১৭৭ |
| বুরুন্ডি | BINUB | ৬ |
| কম্বোডিয়া | UNAMIC/UNTAC/UNMLT | ১৩০১ |
| সিএআর এবং চাদ | MINURCAT | ৬০ |
| সিএআর | MINUSCA | ১২৮২৮ |
| ক্রোয়েশিয়া/ইস্ট স্লোভেনিয়া | UNTAES | ৭৬ |
| সাইপ্রাস | UNFICYP | ৮ |
| দারফুর | UNAMID | ৮৯৮৯ |
| ডিআর কঙ্গো | MONUC/MONUSCO | ৪২৫৮৬ |
| ইস্ট তিমুর | UNAMET/UNTAET/UNMISET | ২৭১৮ |
| ইথিওপিয়া/ইরিত্রিয়া | UNMEE | ১১০৮ |
| জর্জিয়া | UNOMIG | ১৩১ |
| হাইতি | UNMIH/MINF/MINUSTAH | ৫৩৮২ |
| ইরান | UNIIMOG | ৩১ |
| ইরাক | UNGCI/UNMOVIC | ১২৪ |
| আইভরি কোস্ট | MINUCI/ONUCI/UNOCI | ৩২৮৫০ |
| কসোভো | UNMIK | ৫৩৯ |
| কুয়েত | UNIKOM | ৮২৩৯ |
| লেবানন | UNIFIL | ৩১৯৯ |
| লাইবেরিয়া | UNOMIL/UNMIL | ২৩৭৯৪ |
| মেসিডোনিয়া | UNPREDEP | ৭ |
| মালি | MINUSMA | ১৪৮০১ |
| মোজাম্বিক | ONUMOZ | ২৬২২ |
| নামিবিয়া | UNTAG | ৮৫ |
| অফিস অব দি আফ্রিকান ইউনিয়ন | UNOAU | ১ |
| রুয়ান্ডা | UNAMIR | ১০২২ |
| সিয়েরা লিওন | UNAMSIL/UNIOSIL | ১১৯৮১ |
| সোমালিয়া | UNOSOM-I-II/AMISOM | ১৯৭৩ |
| সোমালিয়া | UNSOM | ৭ |
| সাউথ সুদান | UNMISS | ১৬০৩৪ |
| সুদান | UNMIS | ৯২৮৫ |
| সুদান | UNITAMS | ৩ |
| সিরিয়া | UNSMIS | ১৮ |
| তাজিকিস্তান | UNMOT | ৪০ |
| ইউএনএইচকিউ | UNDPO | ৫৮ |
| উগান্ডা/রুয়ান্ডা | UNOMUR | ২০ |
| পশ্চিম সাহারা | MINURSO | ৪৮৩ |
| পশ্চিম আফ্রিকা | UNOWA | ২ |
| ইয়েমেন | UNMHA | ৬ |
| যুগোস্লাভিয়া (ফরমার) | UNPROFOR/UNMOP | ১৫৮৪ |
| মোট দেশ/স্থান : ৪৩ | মোট মিশন/এ্যাসাইনমেন্ট : ৬৩ | মোট : ২,০৬,৪৭৬ |

## জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে শহিদ শান্তিরক্ষী

### সেনাবাহিনী

১। লেঃ কর্নেল ফাইজুল করিম
২। প্রাইভেট মোঃ ইউসুফ আলী
৩। ল্যান্স কর্পোরাল সানোয়ার হোসেন
৪। প্রাইভেট মোঃ আকবর হোসেন
৫। মেস ওয়েটার মোঃ আলাউদ্দিন হাওলাদার
৬। ওয়ারেন্ট অফিসার এম এ হারুন-উর রশিদ
৭। প্রাইভেট মোঃ আব্দুল হাই মন্ডল
৮। প্রাইভেট মোঃ ইসমাইল হোসেন
৯। ল্যান্স কর্পোরাল মোঃ আব্দুর রহিম
১০। লেঃ কর্নেল মোহাম্মদ হোসেন
১১। ল্যান্স কর্পোরাল মোঃ ফয়েজ আহমেদ
১২। মেজর আলমগীর মোহাম্মদ সরোয়ার হোসেন
১৩। কর্পোরাল মোঃ আব্দুল আজিজ
১৪। ল্যান্স কর্পোরাল বেলাল হোসেন
১৫। প্রাইভেট মোঃ দেলওয়ার হোসেন
১৬। কর্পোরাল মোঃ জাফর উলাহ
১৭। কর্পোরাল মোঃ আব্দুল মান্নাফ
১৮। ক্যাপ্টেন মোঃ কামরুজ্জামান
১৯। কর্পোরাল মোঃ মিজানুর রহমান
২০। ল্যান্স কর্পোরাল মোঃ মোকাদ্দেস হোসেন
২১। প্রাইভেট মোঃ আমিনুর ইসলাম
২২। ওয়ারেন্ট অফিসার মোঃ নুরুল ইসলাম
২৩। মেজর মোঃ আব্দুস সাত্তার, পিএসসি
২৪। ওয়ারেন্ট অফিসার মোঃ লুৎফর রহমান
২৫। লেঃ কর্নেল সায়েদ শামসুল আরেফিন
২৬। মেজর মোঃ আব্দুর রহিম মিয়া, জিএল
২৭। মেজর মির্জা মোঃ আব্দুল বাতেন
২৮। মেজর মোঃ মোস্তাফিজুর রহমান চৌধুরী
২৯। মেজর মোশাররফ হোসেন, পিএসসি
৩০। ক্যাপ্টেন আরিফুর রহমান তালুকদার, জি+
৩১। ক্যাপ্টেন মোহাম্মদ ফরিদ উদ্দিন আহমেদ
৩২। ক্যাপ্টেন মোহাম্মদ রফিকুল ইসলাম
৩৩। ক্যাপ্টেন মোঃ আলাউদ্দিন সরদার
৩৪। ক্যাপ্টেন মোঃ রকিবুল হাসান
৩৫। ক্যাপ্টেন মোঃ জাহিদুল ইসলাম
৩৬। ক্যাপ্টেন মোঃ আব্দুল মাবুদ
৩৭। সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ শফিকুল ইসলাম
৩৮। মেজর এম রওনক আকতার
৩৯। মেজর ইমতিয়াজ উদ্দিন আহমেদ
৪০। সার্জেন্ট মোঃ আব্দুল মালেক গাজী
৪১। ল্যান্স কর্পোরাল মোঃ আব্দুল কাদের সিদ্দিকী
৪২। কর্পোরাল মোঃ জাহিদুল ইসলাম
৪৩। সিনিয়র ওয়ারেন্ট অফিসার ফরিদ উদ্দিন
৪৪। ল্যান্স কর্পোরাল মোঃ জামাল উদ্দিন
৪৫। মেজর মোহাম্মদ শাহজাহান, পিএসসি
৪৬। প্রাইভেট মোঃ আমিনুল ইসলাম খান
৪৭। কর্পোরাল মাহমুদুন নবী
৪৮। কর্পোরাল মোঃ শহিদুল ইসলাম
৪৯। কর্পোরাল মোঃ ওয়াহেদুর রহমান খান
৫০। প্রাইভেট মোঃ মিল্টন মিয়া
৫১। কর্পোরাল (সিএলকে) মোঃ জয়নাল আবেদীন
৫২। ক্যাপ্টেন মোঃ শহিদ আশরাফ খান
৫৩। ওয়ারেন্ট অফিসার সোহরাব হোসেন তালুকদার
৫৪। সার্জেন্ট মোঃ সেরাজুল হক
৫৫। কর্পোরাল মোঃ আতাউর রহমান সরকার
৫৬। প্রাইভেট মোঃ জহিরুল ইসলাম
৫৭। প্রাইভেট মোঃ আব্দুস সালাম
৫৮। প্রাইভেট মোঃ আব্দুস সালাম
৫৯। প্রাইভেট মোঃ বেলাল হোসেন
৬০। প্রাইভেট নূর মোহাম্মদ
৬১। প্রাইভেট মোহাম্মদ জুলফিকার হোসেন
৬২। সার্জেন্ট মোঃ আলমগীর খান
৬৩। এনসি (ই) আব্দুল মোমিন সরকার
৬৪। প্রাইভেট মোঃ আমির হোসেন
৬৫। ল্যান্স কর্পোরাল মোঃ ফারুক মিয়া
৬৬। ল্যান্স কর্পোরাল এস এম মিরাজ আহমেদ
৬৭। ল্যান্স কর্পোরাল মোঃ আব্দুস সাত্তার
৬৮। সৈনিক মোঃ মিজানুর রহমান
৬৯। সৈনিক আব্দুল হালিম
৭০। সৈনিক মোহাম্মদ কামরুজ্জামান খান
৭১। সৈনিক মোহাম্মদ শহিদ মিয়া
৭২। সৈনিক মোঃ সাহাব উদ্দিন
৭৩। ক্যাপ্টেন মোঃ রাজিবুল কবির
৭৪। প্রাইভেট নূর আলম তালুকদার
৭৫। প্রাইভেট মোঃ খুরশেদ আলম
৭৬। ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ আলিমুজ্জামান
৭৭। প্রাইভেট মোঃ আব্দুল খালেক
৭৮। ল্যান্স কর্পোরাল মোঃ জাহাঙ্গীর আলম
৭৯। প্রাইভেট মোঃ নূরমিন নূরুল্লাহ
৮০। প্রাইভেট মোঃ দিদারুজ্জামান
৮১। ল্যান্স কর্পোরাল মোঃ মাহবুবুর রহমান
৮২। মেজর মোহাম্মদ মশিউর রহমান
৮৩। ওয়ারেন্ট অফিসার মোঃ আবুল কাশেম
৮৪। কর্পোরাল মোঃ মাহমুদুল হাসান
৮৫। ল্যান্স কর্পোরাল মোঃ আব্দুল খালেক
৮৬। এনসি (ই) মোঃ মোজাফ্ফর রহমান
৮৭। আরটি মোঃ ইমদাদুল হক
৮৮। ক্যাপ্টেন মোহাম্মদ ইফতেখার আলম
৮৯। মেজর কে এম জিয়াউল হক
৯০। কর্পোরাল মোঃ ইউনুস মিয়া
৯১। আরটি মোঃ আব্দুস সালাম
৯২। কর্পোরাল মোঃ রফিকুল ইসলাম
৯৩। সৈনিক মোঃ সানোয়ার হোসেন
৯৪। লেঃ কর্নেল মোঃ তৌহিদ-উল-মুলক্, এফসিপিএস
৯৫। সৈনিক মোঃ আমির হোসেন
৯৬। সৈনিক মোঃ আব্দুল মতিন
৯৭। ল্যান্স কর্পোরাল মোঃ আব্দুর রাজ্জাক
৯৮। সার্জেন্ট মোঃ লাবু ইসলাম
৯৯। সার্জেন্ট মোঃ মিরাজুল ইসলাম
১০০। সার্জেন্ট মোঃ শহিদুল ইসলাম
১০১। ল্যান্স কর্পোরাল মোঃ নজরুল ইসলাম
১০২। সৈনিক শ্রী নিলকান্ত হাজং
১০৩। ল্যান্স কর্পোরাল মোঃ মজিবুর রহমান
১০৪। সৈনিক মোঃ আবুল বাশার
১০৫। সৈনিক মোঃ আব্দুর রহিম
১০৬। সার্জেন্ট মোঃ আলতাব হোসেন
১০৭। ল্যান্স কর্পোরাল জাকিরুল আলম সরকার
১০৮। সৈনিক মোঃ মনোয়ার হোসেন
১০৯। ওয়ারেন্ট অফিসার মোঃ আবুল কালাম
১১০। ল্যান্স কর্পোরাল মোঃ আকতার হোসেন
১১১। সৈনিক মোঃ রায়হান
১১২। সৈনিক মোঃ জামাল উদ্দিন
১১৩। সৈনিক রাশেদুজ্জামান
১১৪। ল্যান্স কর্পোরাল মোঃ মিজানুর রহমান
১১৫। সৈনিক মোঃ মঞ্জুর আলী
১১৬। সৈনিক আরজান হাওলাদার
১১৭। সৈনিক মোঃ রিপুল মিয়া
১১৮। সৈনিক আতিকুল ইসলাম
১১৯। ইলেক্ট্রিশিয়ান মোঃ লিটন মিয়া
১২০। সিভিল নুরুল আমিন
১২১। ল্যান্স কর্পোরাল মোঃ সাইফুল ইসলাম
১২২। ল্যান্স কর্পোরাল মোঃ আব্দুলাহ আল মামুন
১২৩। সার্জেন্ট মোঃ ইব্রাহিম
১২৪। ল্যান্স কর্পোরাল মোঃ রবিউল মোলাহ
১২৫। লেঃ কর্নেল এ কে এম মাহমুদুল ইসলাম
১২৬। ল্যান্স কর্পোরাল কফিল মজুমদার
১২৭। সৈনিক মোঃ জসিম উদ্দিন
১২৮। সৈনিক মোঃ শরীফ হোসেন
১২৯। সৈনিক মোঃ জাহাঙ্গীর আলম
১৩০। সার্জেন্ট মোঃ মঞ্জুর রহমান
১৩১। সার্জেন্ট মোঃ মামুনুর রশিদ
১৩২। কর্পোরাল মোঃ মাসুদ রানা
১৩৩। সৈনিক মোঃ মইনুল ইসলাম
১৩৪। সৈনিক শামীম রেজা
১৩৫। সৈনিক শান্ত মন্ডল
১৩৬। এম/ডব্লিউ মোঃ জাহাঙ্গীর আলম
১৩৭। ধুপী মোঃ সবুজ মিয়া
১৩৮। সিনিয়র ওয়ারেন্ট অফিসার মহিউদ্দিন চপল

### নৌবাহিনী

১। মোঃ নূরুল ইসলাম, এলএস(সিডি)
২। এম জাহাঙ্গীর আলম, এলএস
৩। আনোয়ারুল ইসলাম খান, লিডিংম্যান
৪। ইঃ লেঃ কমান্ডার এম আশরাফ সিদ্দিকী, বিএন

### বিমান বাহিনী

১। সিভিল এ কে এম শামসুল আলম
২। ওয়ারেন্ট অফিসার মোঃ আজমল হোসেন
৩। ফ্লাইট লেঃ এ কে এম নাজমুল হুদা
৪। উইং কমান্ডার মোঃ আব্দুল হারিছ
৫। সিভিল জানে আলম
৬। সার্জেন্ট মোঃ জিয়াউর রহমান
৭। সার্জেন্ট মোঃ মোবারক হুসাইন
৮। ওয়ারেন্ট অফিসার মোঃ সাইফুল ইমাম ভূঁইয়া
৯। সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ আব্দুল হালিম

### বাংলাদেশ পুলিশ

১। হেড কনস্টেবল আবুল বাশার আকন্দ
২। সাব-ইন্সপেক্টর মির শহিদুল আলম
৩। ইন্সপেক্টর মোহাম্মদ আলী
৪। সার্জেন্ট মঞ্জুর হোসেন
৫। ইন্সপেক্টর মোঃ মনিরুল ইসলাম সরকার
৬। হেড কনস্টেবল মোঃ শওকত আলী
৭। এ্যাসিসটেন্ট সাব-ইন্সপেক্টর মোঃ রফিকুল ইসলাম
৮। কনস্টেবল মোঃ শহিদুল আলম
৯। কনস্টেবল মোঃ নাসির উদ্দিন
১০। এসপি মোঃ আব্দুল মালেক দর্জি
১১। সিনিয়র এএসপি মোঃ সায়েদুর রহমান
১২। কনস্টেবল মোঃ আব্দুল হাকিম মিয়া
১৩। কনস্টেবল মোঃ আজগর আলী
১৪। সাব-ইন্সপেক্টর মোঃ শাহ আলম
১৫। এ্যাসিসটেন্ট সাব-ইন্সপেক্টর মোঃ আজিজুর রহমান পাটোয়ারী
১৬। সাব-ইন্সপেক্টর মোছাঃ ফরিদা ইয়াসমিন
১৭। সাব-ইন্সপেক্টর মঈনুল আহসান খান
১৮। কনস্টেবল আশরাফুল ইসলাম
১৯। কনস্টেবল মোঃ সামিদুল ইসলাম
২০। কনস্টেবল মোতাহার হোসেন
২১। কনস্টেবল মোঃ ওমর ফারুক
২২। এডিশনাল আইজি রওশন আরা বেগম
২৩। কনস্টেবল মোঃ মনিরুজ্জামান




বাংলাদেশ শান্তিরক্ষী মিশন সেনাবাহিনীর ব্যানআরডিবি-৭ এর আওতাধীন DRODRO Temporary Operation Base (TOB) হতে UZI Hill এলাকায় কম্ব্যাট টহল এর একটি আলোকচিত্র



জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে দক্ষিণ সুদানের নীল নদে বাংলাদেশ নৌবাহিনীর রিভারাইন পেট্রোল

## ১৯৮৮ সাল থেকে




| নিহত | | | আহত | | |
|---|---|---|---|---|---|
| সেনাবাহিনী | - | ১৩৮ | সেনাবাহিনী | - | ২৫৬ |
| নৌবাহিনী | - | ০৪ | নৌবাহিনী | - | ০৯ |
| বিমান বাহিনী | - | ০৯ | বিমান বাহিনী | - | ০৭ |
| পুলিশ | - | ২৪ | পুলিশ | - | ১৫ |
| | সর্বমোট | ১৭৫ | | সর্বমোট | ২৮৭ |



BANUAU জঙ্গল-যুদ্ধ প্রশিক্ষণের অংশ হিসেবে FARDC-কে সফলভাবে ফাস্ট-রোপিং ও র‍্যাপেলিং প্রশিক্ষণ প্রদান



স্থানীয় অধিবাসীদের মাঝে পারস্পরিক সম্প্রীতির মাধ্যমে সহিংসতা প্রতিরোধে সচেতনতামূলক জনসংযোগ করছেন ফিল্ড কর্মকর্তা (আইপিও, বাংলাদেশ পুলিশ), মিনুস্কা, সেন্ট্রাল আফ্রিকা



দক্ষিণ সুদান সফরকালে মিশনে নিয়োজিত কর্মকর্তা ও নাবিকদের সাথে কৌশল বিনিময় করেন নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান



কমিউনিটি পুলিশিং কার্যক্রম, আনমিস, দক্ষিণ সুদান